

দুই হাতের রক্ত পরীক্ষা

একদিন সন্ধ্যায় আমার কাছে একটা মোবাইল আসলো। আমি তখন প্রাইভেট ল্যাবে কাজ করছিলাম। পরিচয় দিলেন। একজন হাইলি এডুকটেড উচ্চপদস্থ কর্ম কর্তা।

- আপনি আজ আমার রক্তের লিপিড প্রোফাইল পরীক্ষা করে রিপোর্ট দিয়েছেন। একই রক্ত দিয়ে অন্য একটি ল্যাবে এই পরীক্ষা করেছি। দুইটির রেজাল্ট ভিন্ন। আপনাদের রিপোর্ট এমন হচ্ছে কেন?

- একই রক্ত দুই ল্যাবে কেমনে দিলেন?

- আমি সকালে গাড়ী পাঠিয়েছিলাম, আপনার ল্যাব ও অন্য ল্যাব থেকে টেকনিশিয়ান এনে একই সময় দুই হাত থেকে দুইজনকে রক্ত নমুনা নিতে বলি।

- কেন এমন করলেন?

- ইদানীং পত্র পত্রিকায় দেখছি, বাংলাদেশের ল্যাবের পরীক্ষার মান ভাল না। তাই একটু টালি করলাম।

- কোন কোন পত্রিকা নেগেটিভ কথাবার্তা লিখে মজা পায়। কেউ কেউ এগুলো পড়েও মজা পায়। তা কেমন গড়মিল দেখছেন?

- একটাতে আপনি দিয়েছেন ১৯৮ অন্য ল্যাব দিয়েছে ২০০। অন্যগুলিও এইরকম দুই এক মিলিগ্রাম কম বেশী।

- স্টেটিস্টিকের নিয়মে ১-৫% কম বেশী গুরুত্বপূর্ণ কিছু নয়। টেকনিশিয়ান টু টেকনিশিয়ান, রিএজেন্ট টু রিএজেন্ট, মেশিন টু মেশিন তথা ল্যাব টু ল্যাব রেজাল্ট ১-৫% কম বেশী হতে পারে। আপনার বেলায়ও তাই হয়েছে। আশা করি আমি আপনাকে বুঝাতে পেরেছি?

- বুঝতে পেরেছি। ধন্যবাদ, ডাক্তার সা'ব।

=====

ফেইসবুক গল্প

ল্যাবনামা

২৯/৫/২০১৭

ডাঃ মোঃ সাদেকুল ইসলাম তালুকদার